# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ২১০/জেএসসি/এসএসসি রেজিঃ/ তারিখ:

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং: ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮, তারিখ: ০১/০৯/২০২৪।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩২৯২, তারিখ: ২৩/১০/২০২৩।

৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা'র পত্র নং: ৩৭.০৬.০০০০.৪০২.০৬৮.০২.৩৬, তারিখ: ০২/১০/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের (২০২৬ শিক্ষাবর্ষে ১০ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের) রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

### জরুরি নির্দেশাবলি

১। ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ এবং রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা অবশ্যই নবম শ্রেণিতে ভর্তি হবার সুযোগ পাবে। নবম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরসহ সকল তথ্য অনলাইনে এন্ট্রি করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন দাবী করা যাবে না।

২। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;

৩। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : **৩০/১২/২০২৫ থেকে ৩১/০১/২০২৬ পর্যন্ত;**

৪। রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের গ্রুপ(মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করাবেন। পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/ গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) নেবে তা নিশ্চিত হতে হবে। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপে (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষকের বরাবর লিখিতভাবে আবেদন করবে। উক্ত আবেদনে উল্লিখিত গ্রুপ/বিভাগ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।
**উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।**

৫। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য এন্ট্রি করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষকসহ শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরমের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন;

৬। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF SSC 2025-এ ক্লিক করলে Payable Fees of SSC 2025 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print Sonali Seba slip-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে **(বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)**;ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে।

৭। রেজিস্ট্রেশন ফি : (ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ২৯৬/- (দুইশত ছিয়ানব্বই) টাকা
(খ) বিলম্ব ফি-সহ জনপ্রতি ৪৩৬/- (চারশত ছত্রিশ) টাকা।

**রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরূপ :**

| রেজিঃ ফি | ক্রীড়া ফি | স্কাউট ফি | গার্লস গাইড ফি | বিজ্ঞান ও প্রযুক্তি ফি (ছেলে/মেয়ে) | রেডক্রিসেন্ট ফি | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | বিএনসিসি ফি | বিলম্ব ফি | ফি-এর পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি-সহ |
| ৮০/- | ৫০/- | ২৫/- | ১৫/- | ৫/- | ১৬/- | ১০০/- | ৫/- | ১৪০/- | ২৯৬/- | ৪৩৬/- |

E:\রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি\nine regi 2025 docx

CamScanner

৮। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০)=৪০/- টাকা হারে রেড ক্রিসেন্ট ফি আদায় করে, আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- টাকা হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা হারে শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে (স্বতন্ত্র একাউন্ট খুলে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে;

০৯। ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই;

১০। ব্যাংকে টাকা জমাদানের ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান eSIF পূরণ শুরু করতে পারবে;

১১। **বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;**

১২। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়নের জন্য প্রতি শিক্ষাপ্রতিষ্ঠান ১০০০/- (এক হাজার) টাকা এবং মেম্বারশীপ (বিশ্ব স্কাউট সংস্থার) ফি ৪০০/- (চারশত) টাকা চেক/ডিডি-এর মাধ্যমে **"চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা"** শিরোনামে **সঞ্চয়ী হিসাব নং- ৪৪০২৪৩৪০২৫৯০১, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই শাখা**, ঢাকা জমা দিয়ে মূল রশিদের অনুলিপি (বিদ্যালয়ের নামসহ) নিম্নস্বাক্ষরকারীর নিকট**অবশ্যই** প্রদর্শন করতে হবে। ইতিপূর্বে যে সমস্ত প্রতিষ্ঠান চাঁদা প্রদান করেছে সে সমস্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

১৩। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের**(সরকারি ও বেসরকারি)** মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন হালনাগাদ থাকতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন নেই অথবা দীর্ঘদিন স্বীকৃতি নবায়ন করা হয়নি, সে সকল শিক্ষাপ্রতিষ্ঠানকে প্রতি ০৩(তিন) বছরকে পূর্ণ ০১ (এক) মেয়াদ ধরে প্রতি মেয়াদে নির্ধারিত ফি সমন্বয় করে অনলাইনে স্বীকৃতি নবায়নের আবেদন করতে হবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। **যে সকল প্রতিষ্ঠান কলেজ পর্যায় থেকে মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি অনুমতি লাভ করেছে, সে সকল প্রতিষ্ঠানকে ০৩ (তিন) বছর অন্তর অন্তর স্বীকৃতি নবায়ন করতে হবে।**

১৫। উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

29.12.25

**প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান**
আইডি নং-০১৭৪৪২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং-১২৬২(১২)

তারিখ: ২৯|১২|২৫

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৭। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা ।
১০। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১২। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। অফিস কপি।

29.12.25

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৯|১২|২৫

E:\রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি\nine regi 2025.docx

CamScanner